S-1558 I-1329/2020

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

Q. NO. 1608-0000445908/2020

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL F 245938

Visit Commission Case No. 155/2020

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with the document are the part of this document.

Addl. District Sub-Registrar
Sonarpur, South 24 Parganas

12/03/2020

12 MAR 2020

থানা - সোনারপুর, মৌজা - সোনারপুর,

জমি - ৪ কাঠা ৮ ছটাক,

মূল্য - ৭৫,০০,০০০ টাকা,

- ঃ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা ঃ -

Scanned by TapScanner

<u>কোবালা গ্রহিতা</u> :-

চ্যাটার্জ্জী কনষ্ট্রাকশান, একটি একক স্বত্বাধিকারী সংস্থা, সাং - নতুনপল্লী, মিডিল রোড, পোষ্ট ও থানা - সোনারপুর, কলকাতা - ৭০০১৫০, পক্ষে স্বত্বাধিকারী - **শ্রী অনুপ চ্যাটার্জ্জী, PAN - ACBPC4410H,** পিতা - স্বর্গীয় কালিপদ চ্যাটার্জ্জী, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - নতুনপল্লী মিডিল রোড, পোষ্ট ও থানা - সোনারপুর, কলকাতা - ৭০০১৫০।

<u>কোবালা দাতাদ্বয়</u> :-

১) শ্রীমতী ঝর্না পাল, **PAN - ENHPP8760G,** স্বামী - মৃত কালিপদ পাল, ২) শ্রী দেবাশিষ পাল, **PAN - ARUPP1334M,** পিতা - স্বর্গীয় কালিপদ পাল, উভয়ের জাতি - হিন্দু, পেশা - গৃহকার্য্য ও ব্যবসা, সাং - নতুনপল্লী, সোনারপুর, পোষ্ট ও থানা - সোনারপুর, কলকাতা - ৭০০১৫০।

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব সহ নির্দ্দায়, নির্দ্দোষ অবস্থায় সাফবিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যা. ডি. সাব রেজিষ্ট্রী অফিস - সোনারপুর, পরগনা - মেদনমল্ল, রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত ১২ নং ওয়ার্ডের ২৪১ ও ৫০১ নং নতুনপল্লী পশ্চিম হোল্ডিং ভুক্ত, মৌজা - সোনারপুর গ্রামে অবস্থিত জে.এল. নং - ৩৯, সি.এস. ৫৮৮ নং, আর.এস. ৪৬০

Scanned by TapScanner

নং খতিয়ান ভুক্ত সি.এস. ১৬৭৫ নং, আর.এস. ১৬৯২ নং দাগে ডাঙ্গা ৪২ শতক জমির মধ্যে যাহা অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৪ কাঠা ৮ ছটাক জমি জমা মায় কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

প্রকাশ থাকে যে, অত্র কোবালা ১ নং দাতা আমি আমার অংশগত জমি হইতে ৩ কাঠা জমি এবং অত্র কোবালা ২ নং দাতা আমি আমার অংশগত জমি হইতে ১ কাঠা ৮ ছটাক জমি বিক্রয় করিতেছি।

উক্ত দাগের জমি সহ আরও অন্যান্য জমি জমা সাং - ৩৮/এ মহা নির্বান রোড, কোলকাতা - ২৯ নিবাসী শ্রী মহেন্দ্র নারায়ন বসু মহাশয়ের পত্নী শ্রীমতী অর্চনা বসু মহাশয়া বিগত ইংরাজী ২৬/০৮/১৯৭২ তারিখে সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ভলুম নং - ৩৯, পাতা ২৪৮ হইতে ২৫১ নং পাতায় লিপিবদ্ধ ৩০০১ নং সাংং কোবালা দলিল মূলে খরিদ করিয়া মালিক সরকারে খাজনাদি আদায়ে খাসে ভোগবতী দখলকারিনী থাকাবস্থায় তাহার নগদ অর্থের আবশ্যকে উক্ত আর.এস. ১৬৯২ নং দাগের ৪ কাঠা ৮ ছটাক জমি বিক্রয় করিবার ঘোষনা করিলে বিগত ইংরাজী ০৫/০৭/১৯৭৭ তারিখে সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ভলুম নং - ২৪, পাতা ৮২ হইতে ৮৫ নং পাতায় লিপিবদ্ধ ১৩৭৬ নং সাংং কোবালা দলিল দ্বারা শ্রী কালিপদ পাল মহাশয় উক্ত ৪ কাঠা ৮ ছটাক জমি খরিদ করিয়া খাজনাদি আদায়ে খাসে ভোগবান দখলীকার থাকাকালে উল্লেখিত কালিপদ পাল মহাশয় পরলোক গমন করিলে তাহার ওয়ারিশান

ঝর্ণা পাল

সূত্রে তাহার ত্যাক্ত জমি জমা শ্রীমতী ঝর্ণা পাল স্ত্রী হিসাবে, শ্রীমতী রুমা রায়, শ্রীমতী ঝুমা রায় ও শ্রীমতী শম্পা ভৌমিক তিন কন্যা হিসাবে এবং শ্রী দেবাশিষ পাল একমাত্র পুত্র হিসাবে সম অংশে প্রাপ্ত হয়েন। অতঃপর উল্লেখিত শ্রীমতী ঝর্ণা পাল দিগর তাহাদের স্বামী ও পিতার ওয়ারিশান সূত্রে ৪ কাঠা ৮ ছটাক জমি প্রাপ্ত হইয়া এবং তৎপর উক্ত জমি মাপ জরিপ করিয়া ও রাস্তার জন্য ছাড়িয়া দেওয়া জমি বাদে ৩ কাঠা ১৪ ছটাক জমিতে এজমালে থাকে ভোগ দখলীকার থাকাকালে উল্লেখিত শ্রীমতী ঝর্ণা পাল, শ্রীমতী রুমা রায়, শ্রীমতী ঝুমা রায় ও শ্রীমতী শম্পা ভৌমিক মহাশয়াগন উক্ত ৩ কাঠা ১৪ ছটাক জমির মধ্যে তাহাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ৩ কাঠা ১ ছটাক ২৭ বর্গফুট জমি বিগত ইংরাজী ০৭/০৪/২০১১ তারিখে সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, সি. ডি. ভলুম নং - ৯, পাতা ৬০১৬ হইতে ৬০৪১ নং পাতায় লিপিবদ্ধ ৪১৯৩ নং এককেতা দানপত্র দলিল দ্বারা তাহাদের অংশগত জমি জমা তাহাদের পুত্র এবং ভ্রাতা শ্রী দেবাশিষ পাল অর্থাৎ অত্র কোবালার ২ নং দাতাকে দান করিয়া স্বত্ব ও দখলচ্যুত হয়েন। সেমতে অত্র কোবালা ২ নং দাতা আমি উক্ত দাগের ৩ কাঠা ১৪ ছটাক জমির মধ্যে নিজ ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ১২ ছটাক ১৮ বর্গফুট জমি এবং মাতা ও ভগ্নীগনের নিকট হইতে উপরোক্ত দানপত্র দলিল মূলে প্রাপ্ত ৩ কাঠা ১ ছটাক ২৭ বর্গফুট জমি, মোট ৩ কাঠা ১৪ ছটাক জমি ষোল আনা রকম অংশে প্রাপ্ত হইয়া থাকে ভোগ দখলীকার থাকাকালে উক্ত জমি হইতে ৩ কাঠা জমি জমা বিগত ইংরাজী ২৬/০৫/২০১১ তারিখে সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, সি. ডি. ভলুম নং - ১৪, পাতা ১৪০৯ হইতে ১৪১৯ নং পাতায় লিপিবদ্ধ ৬০৫৫ নং এককেতা দানপত্র দলিল দ্বারা আমার মাতা শ্রীমতী ঝর্ণা পাল অর্থাৎ অত্র কোবালার ১ নং দাতাকে দান করি।

Scanned by TapScanner

আরও প্রকাশ থাকে যে, উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত দাগের কতক জমি জমা সাং - কে. পি. রায় রোড, হালতু, হাল সাং - সোনারপুর নতুনপল্লী নিবাসী শ্রী পরেশ চন্দ্র পাল মহাশয় বিগত ইংরাজী ০৫/০৭/১৯৭৭ তারিখে সোনারপুর সাব রেজিস্ট্রীকৃত ১ নং বহির, ভলুম নং - ২৫, পাতা ৫২ হইতে ৫৫ নং পাতায় লিপিবদ্ধ ১৩৭৫ নং সাফে কোবালা দলিল মূলে শ্রী হরিদাস মজুমদার মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া মালিক সরকারে খাজনাদি আদায়ে খাসে ভোগবান দখলীকার থাকাকালে তাহার নগদ অর্থের আবশ্যকে উক্ত দাগের মধ্যে ৪ কাঠা ৮ ছটাক জমি বিক্রয় করিবার ঘোষনা করিলে শ্রীমতী ঝর্ণা পাল মহাশয়া বিগত ইংরাজী ১১/০৫/১৯৮৮ তারিখে সোনারপুর সাব রেজিস্ট্রীকৃত ১ নং বহির, ভলুম নং - ৩৯, পাতা ১৬০ হইতে ১৬৬ নং পাতায় লিপিবদ্ধ ৩০২৯ নং সাফে কোবালা দলিল মূলে উক্ত ৪ কাঠা ৮ ছটাক জমি খরিদ করিয়া উক্ত জমিতে গৃহাদী নির্মান করিয়া বসবাসের দ্বারা খাসে ভোগবতী দখলকারিনী থাকাকালে তিনি বিগত ইংরাজী ০৬/০৪/২০১১ তারিখে সোনারপুর সাব রেজিস্ট্রীকৃত ১ নং বহির, সি. ডি. ভলুম নং - ৯, পাতা ৪৬১৮ হইতে ৪৬৩০ নং পাতায় লিপিবদ্ধ ৪১৫১ নং সাফে কোবালা দলিল মূলে উক্ত ৪ কাঠা ৮ ছটাক জমি সায় তদুপরিস্থিত গৃহাদী সহ তাহার পুত্র দেবাশিষ পাল অর্থাৎ অত্র কোবালার ২ নং দাতাকে দান করিয়া স্বত্ব ও দখলচ্যুত হয়েন।

উক্ত ২০১১ সালের ৪১৫১ নং দলিলের টাইটেলে ১৩৭৫ নং দলিলের তারিখ ভুল লিখিবার কারনে বিগত ইংরাজী ২৯/০৮/২০১৩ তারিখে সোনারপুর সাব রেজিস্ট্রীকৃত ৪ নং বহির, সি. ডি. ভলুম নং - ৪, পাতা ৪৭৯৯ হইতে ৪৮০৬ নং পাতায় লিপিবদ্ধ ২৫৫৫ নং এককেতা ডিড্ অফ ডিক্লারেশান বা ঘোষনাপত্র দলিল দ্বারা আমি ২ নং দাতা উক্ত ভুল সংশোধন করিয়া লই।

Scanned by TapScanner

এমতবস্থায় অত্র কোবালার ১ নং দাতা আমি শ্রীমতী ঝর্ণা পাল আমার নামীয় উপরোক্ত ৩০৫৫/২০১১ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত ৩ তিন কাঠা জমি অত্র কোবালা মূলে বিক্রয় করিতেছি এবং অত্র কোবালার ২ নং দাতা আমি শ্রী দেবাশিষ পাল আমার নামীয় উপরোক্ত ৪১৯৩/২০১১ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত ও পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত মোট ৩ কাঠা ১৪ ছটাক জমি হইতে পূর্বে ৩০৫৫/২০১১ নং দানপত্র দলিল মূলে দানকৃত ৩ কাঠা জমি বাদে অবশিষ্ট ১৪ ছটাক জমি এবং আমার নামীয় উপরোক্ত ৪১৫১/২০১১ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত ৪ কাঠা ৮ ছটাক জমি মায় গৃহাদীর মধ্যে ১০ ছটাক ফাঁকা জমি অর্থাৎ আমি ২ নং দাতা মোট ১ এক কাঠা ৮ আট ছটাক জমি অত্র কোবালা মূলে বিক্রয় করিতেছি। সেমতে আমরা উভয় দাতা একত্রে মোট ৪ চার কাঠা ৮ আট ছটাক জমি বিক্রয় করিতেছি।

বর্তমানে আমাদের নানাবিধ বৈধ ও সংগত কারনে অর্থের প্রয়োজনে উক্ত জমি জমা যাহা নিম্ন তপশীল বর্নিত হইল তাহা বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র গ্রহীতা তাহা জনশ্রুতিতে জ্ঞাত হইয়া নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তি সম্পত্তি খরিদ করিতে চাওয়ায় উৎসর্ব্বোচ্চ বাজার মূল্য ৭৫,০০,০০০ টাকা ধার্য্য করতঃ অদ্য মূল্যের সম্পূর্ণ টাকা আমাদের বুঝাইয়া দেওয়ায় আমরা মূল্যের সম্পূর্ণ টাকা বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্নিত জমি জমা আপনাকে সাফ বিক্রয় করিলাম ও দখল দিলাম।

আপনি অদ্য তারিখ হইতে বিক্রীত নিম্ন তপশীল বর্নিত জমি জমাতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে কায়েম দখলীকার হইয়া নিজ স্বত্ব দখল

Scanned by TapScanner

প্রচারে নিজ ইচ্ছামত যে কোন প্রকারে ব্যবহার করতঃ দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি যাবতীয় হস্তান্তরকরন ক্ষমতায় উপরিলিখিত বর্ননা মতে আপনি উক্ত জমি জমাতে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন এবং উপরিস্থ মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সেরেস্তায় নিজ নাম পত্তন করতঃ ধার্য্য খাজনাদী আদায় দিবে বা দিতে পারিবেন। তাহাতে আমাদের বা আমাদের ওয়ারিশান গনক্রমে কস্মিন কালেও কোন প্রকার ওজর আপত্তি, দাবি দাওয়া করিতে পারিব না বা করিব না, করিলেও তাহা সর্ব স্থানে সর্ব্বাদালতে সর্বত্ত ভাবে অগ্রাহ্য ও বাতিল বলিয়া গন্য হইবে।

যদি ভবিষ্যতে কেহ কোন প্রকার স্বত্ত্ব দখল দাবি করি বা করে তবে তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য হইয়া অত্র বিক্রয় কোবালা বহাল ও বলবৎ থাকিবে। বিক্রীত জমি জমা কোথাও কোন প্রকার হস্তান্তর বা দায়বদ্ধ নাই, তাহা ভেস্ট জমি নহে, তাহা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই, তাহার স্বত্ত্ব দখল লইয়া কোন প্রকার মামলা মোকর্দ্দমা নাই, তাহা ভাগে ভাড়ায় বা লীজ বিলি নাই বা কোন দেবোত্তর বা পীরত্তর সম্পত্তি নহে বা কোন ব্যাঙ্কে মর্টগেজ নাই বা কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক ঋণ গ্রহন করা হয় নাই বা কোন বায়না গ্রহন করি নাই, বা সরকার বাহাদুর কর্ত্তৃক কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান অদ্যাবধি হয় নাই বা কোন রিকুইজিশানের নোটিশ প্রাপ্ত হয় নাই, বা কোন ভাগ চাষী বা বর্গাদার নাই, বা কোন দখলকার নাই, তাহা সম্পূর্ণ নির্দ্দায়, নির্দোষ, পরিষ্কার ও মুক্ত অবস্থায় আমাদের খাস দখলে বিদ্যমান থাকাবস্থায় আপনাকে সাহে বিক্রয় করিলাম ও অদ্যই আপনাকে খাস দখল প্রদান করিলাম।

Scanned by TapScanner

যদি ভবিষ্যতে আমাদের কৃত কার্য্যতায় আপনার খরিদা স্বত্ব দখলে কোন প্রকার অসুবিধা হয় তবে সেই সমস্ত অসুবিধা দুর করিতে আমরা মায় ওয়ারিশানগনক্রমে বাধ্য রহিলাম। যদি ভবিষ্যতে ভুল সংশোধন বা পরিপূরক দলিল করিয়া দিবার আবশ্যক হয় বিনা পনে আপনার খরচায় আপনার তলব মতো আপনার নাম বরাবর রেজিষ্ট্রী অফিসে হাজির হইয়া সংশোধন দলিল বা পরিপূরক দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা মায় ওয়ারিশানগনক্রমে বাধ্য রহিলাম বা থাকিলাম।

অত্র দলিল সঙ্গিয়ে ম্যাপে যে কমন প্যাসেজ দেখান আছে উক্ত প্যাসেজের উপর দেশ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন আনায়ন করিতে পারিবেন ও তলদেশ দিয়া ড্রেন, আন্ডার ড্রেন খননের মায় জলের পাইপ লাইন আনয়নে ব্যবহার করিতে পারিবেন এবং উক্ত প্যাসেজ দিয়া চলমানযোগ্য যানবাহনাদী লইয়া বহনযোগ্য মালামাল আনায়ন দ্বারা আপনি অত্র গ্রহীতা মায় ওয়ারিশান উক্ত কমন প্যাসেজ চিরতরে রাইট অফ ইজমেন্ট স্বত্বে ব্যবহার করিতে পারিবেন তাহাতে আমরা অত্র দাতাগন বা আপনি অত্র গ্রহীতা কস্মিনকালেও কোন প্রকারে উক্ত প্যাসেজ বন্ধ বা বাঁধা সৃষ্টি করিতে পারিবেন না।

এতদ্বার্থে স্বেচ্ছায়, সুস্থ শরীরে, স্থির ভাববুদ্ধিতে থাকিয়া মূল্যের সম্পূর্ণ টাকা বুঝিয়া পাইয়া অত্র কোবালা দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম।

ইতি তাং - বাংলা ১৪২৬ সনের - 27 শে ফাল্গুন

ইংরাজী ২০২০ সালের - ১১ ই মার্চ

## - - ঃ তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ - -

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যা. ডি. সাব রেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা - মেদনমল্ল, রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত ১২ নং ওয়ার্ডের ২৪১ ও ৫০১ নং নতুনপল্লী পশ্চিম হোল্ডিং ভুক্ত, হাল মালিক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা কালেক্টার আলিপুর অধিন মৌজা - সোনারপুর গ্রামে অবস্থিত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের এক জমায় মোট জমির বার্ষিক খাজনার মধ্যে বিক্রীত ৪ কাঠা ৮ ছটাক জমির বার্ষিক হারাহারি খাজনা বর্তমান হারে প্রযোজ্য হইবে, জে. এল. নং - ৫৫, সি. এস. ৫৮৮ নং, আর. এস. ৪৬০ নং খতিয়ান ভুক্ত।

সি. এস. ১৬৭৫ নং, আর. এস. ১৬৯২ নং দাগে ডাঙ্গা ৪২ শতক জমির মধ্যে যাহা অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৪ চার কাঠা ৮ আট ছটাক জমি জমা মায় কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

প্রকাশ থাকে যে, অত্র কোবালা ১ নং দাতা আমি আমার অংশগত জমি হইতে ৩ কাঠা জমি এবং অত্র কোবালা ২ নং দাতা আমি আমার অংশগত জমি হইতে ১ কাঠা ৮ ছটাক জমি বিক্রয় করিতেছি।

- - ঃ অত্র সহ নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ঃ - -

Scanned by TapScanner

সর্বসমেত
Debasish Paul

চৌহদ্দি

উত্তর - অন্য দাগের জমি। দক্ষিণ - ৮ ফুট কমন প্যাসেজ।

পূর্ব - ২০ ফুট নতুনপল্লী সেন্ট্রাল রোড। পশ্চিম - অন্য দাগের জমি।

Debasish Paul

টাকার জমা :-

| DATE | BANK | BRANCH | RTGS/CH. NUMBER | AMOUNT |
|---|---|---|---|---|
| 22/1/2020 | Allahabad | Sonarpur | ALLA 202001225011700856 | 5,00,000/- |
| 29/1/2020 | Allahabad | Sonarpur | ALLA 202001295011766970 | 36,00,000/- |
| 29/1/2020 | Allahabad | Sonarpur | ALLA 20200129501767050 | 4,00,000/- |
| 4/2/2020 | Allahabad | Sonarpur | Ch. No - 021186 | 10,00,000/- |
| 11/3/2020 | Allahabad | Sonarpur | Ch. No - 021190 | 40,00,000/- |

Total - 95,00,000

CHATTERJEE CONSTRUCTION
Anup Chatterjee
Proprietor
গ্রহীতার স্বাক্ষর

মুসাবিদা কারক -
Debu Banerjee (Adv)
High Court at Calcutta
Bar Association Room No-4
F-1649/06.


ইসাদী -
1. Sankar Pal
2. Shampa Bhowmick.
3. Ruma Roy
4. Jhumu Roy

টাইপ কারক -
Subhadeep Mukherjee
সোনারপুর সাব রেজিস্ট্রী অফিস।

Scanned by TapScanner

SITE PLAN SHOWING THE LAND FOR SALE AT MOUZA - SONARPUR, J.L NO. - 39, R.S DAG NO.- 1692, R.S KHATIAN NO.- 460, WARD NO.- 12 UNDER RAJPUR - SONARPUR MUNICIPALITY, P.S - SONARPUR, DIST.- SOUTH 24 PARGANAS, KOL.- 700150, SCALE - 16 FEET = 1 INCH.

AREA OF LAND FOR SALE - 04 KA.08 CH.00 SFT.(M/L) SHOWN IN COL.RED




1.

2.

CHATTERJEE CONSTRUCTION

10-03-2020
ABHINAVA CHOWDHURY
Enlisted Civil Engineer
Rajpur- Sonarpur Municipality
LIC. No.- EBS 095
Deshbandhupark Sonarpur
Kolkata - 700150

Scanned by TapScanner